রায়হানের বাড়িতে নবনিযুক্ত পুলিশ কমিশনার, অভিযুক্তদের গ্রেফতারের অাশ্বাস

চেম্বার ডেস্ক:: সিলেট মহানগরের বন্দরবাজার ফাঁড়িতে পুলিশি নির্যাতনে মারা যাওয়া রায়হান উদ্দিনের বাড়িতে গিয়েছেন সিলেট মেট্রোপলিটন পুলিশের নতুন পুলিশ কমিশনার নিশারুল আরিফ।

মঙ্গলবার (২৭ অক্টোবর) রাত ৮ টা ৩৫ মিনিটে তিনি রায়হানের বাড়িতে এসে পৌঁছান। এসেই তিনি রায়হানের মা সালমা বেগম ও পরিবারের সদস্যদের সাথে কথা বলেন।

নতুন কমিশনার নিশারুল আরিফ বলেছেন, সিলেটে রায়হান হত্যাকান্ডের ঘটনা অনভিপ্রেত, অপ্রত্যাশিত। যে অপরাধী সে যে বাহিনীরই হোক না কেন সে অপরাধী। যেহেতু পুলিশ এ ঘটনায় অভিযুক্ত একারণে আমি লজ্জিত। তবে এটি আমাদের কাছে ধর্তব্য কোন বিষয় নয়। আমাদের মুল টার্গেট আসামীদের গ্রেফতার করা।

তিনি বলেন, সকরারের কঠোর নির্দেশনা আছে এ ঘটনায় সকলকে দ্রুত গ্রেফতার করে বিচারের আওতায় আনার। আমরা তাদের গ্রেফতারে সর্বাত্মক চেষ্টা করব। এই এসাইনমেন্ট নিয়েই আমি সিলেটে এসেছি। আসামীদের গ্রেফতারে সকলের সহযোগিতা কামনা করেন তিনি।

পুলিশ কমিশনার নিশারুল আরিফ আরো বলেন, রায়হানের পরিবারের সদস্যদের সাথে আমি কথা বলেছি। তাদের দাবি মুল আসামীকে গ্রেফতার করা। পুলিশসহ সবগুলো বাহিনী এ চেষ্টা অব্যাহত রেখেছে। জড়িত সকলকে আমরা গ্রেফতার করব। তাদের ব্যপারে কোন তথ্য পেলে পুলিশকে তথ্য দিয়ে সহযোগিতার আহবান জানান তিনি।

এর আগে মঙ্গলবার সন্ধ্যা সাড়ে ৬টায় বিমানযোগে তিনি সিলেট এসে পৌছান। সিলেটে এসে হজরত শাহজালাল (রহ.) মাজার জিয়ারত করে